গাংনী থানা পুলিশের অভিযান। ১ বছরের সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে আদালত কর্তৃক এক বছরের সাজাপ্রাপ্ত আসামি আবুল কালাম (৪২)ওরফে রড কালামকে গ্রেফতার করেছে।

আবুল কালাম গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজার এলাকার শের আলীর ছেলে।

বৃহস্পতিবার (১৮ আগষ্ট) সন্ধ্যার দিকে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদের নেতৃত্বে এসআই আশিকুর রহমান ও সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

আবুল কালামের নামে সিআর ২২৯/১৮ এবং সিআর ২৫৮/১৮ নং মামলায় এক বছরের কারাদন্ড ও ৪০ লক্ষ টাকা জরিমানা করেছেন আদালত।

গাংনী থানার উপপরিদর্শক মাসুদ জানান, কারাদন্ড হওয়ার পর সে পলাতক ছিল। গোপন সংবাদে অভিযান চালিয়ে গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

আগামীকাল শুক্রবার (২০ আগষ্ট) আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

গাংনীর ভাটপাড়া ইকো-পার্কে দোকান ভেঙ্গে চুরি

মেহেরপুর গাংনী উপজেলার ভাটপাড়া জেলা প্রশাসক (ডিসি) ইকোপার্কের শফিকুল ইসলাম নামের এক ব্যবসায়ীর দোকান ঘরের তালা ভেঙ্গে নগদ টাকা ও মালামাল চুরির ঘটনা ঘটেছে।

বুধবার দিনগত মধ্যরাতে চুরির ঘটনা ঘটে। শফিকুল ইসলাম জানান, প্রতিদিনের ন্যায় ব্যবসা শেষে দোকানে তালা লাগিয়ে বাড়ি যান। বৃহস্পতিবার সকালে দোকানে এসে দেখেন তালা ভেঙ্গে মালামাল চুরি হয়ে গেছে।

দোকানের ড্রয়ারের তালা ভেঙ্গে নগদ ১০ হাজার টাকা ও ৯ হাজার টাকার সিগারেট ও অন্যান্য মালামাল চরি হয়ে হয়েছে। শফিুলের দোকানে চুরির ঘটনায় অন্যান্য ব্যবসায়ীরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। ব্যবসায়রীদের অভিযোগ এতোবড় একটি সরকারি প্রতিষ্ঠানে নৈশ্য প্রহরী না থাকায় প্রতিনিয়ত চুরির ঘটনা ঘটতেই আছে। জরুরীভাবে নৈশ্য প্রহরী নিয়োগ দেবার দাবীও জানান ব্যবসায়ীরা।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, বিষয়টি আমার জানা নেই। তবে এবিষয়ে অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও পার্ক ব্যবস্থাপনা কমিটির সভাপতি মৌসুমী খানম জানান, চুরির বিষয়টি আমি শুনেছি এবং ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীকে থানায় জিডি করতে বলা হয়েছে।

গাংনীতে প্রবাস ফেরত মঈনুদ্দীনের মৃত্যু নিয়ে চলছে নানা গুঞ্জণ

মেহেরপুরের গাংনীর হেমায়েতপুরে প্রবাস ফেরত মঈনুদ্দীনের মৃত্যু হয়েছে।

আজ বৃহষ্পতিবার সকালে তার মৃত্যু হয়। মঈনুদ্দীনের মৃত্যু নিয়ে চলছে নানা গুঞ্জণ। স্ত্রী জুলেখা বলছেন স্বামী মঈনুদ্দীন হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছেন। তবে মঈনুদ্দীনের বোন ও মামাসহ প্রতিবেশিরা দাবী করেছেন, তাকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে।

স্থানীয়রা জানান, সকাল সাড়ে আটটার দিকে হঠাত মঈনুদ্দীনের মৃত্যুর

খবর আসে। সে অসুস্থ এমন তথ্য কারো কাছে ছিল না। দুমাস আগে মঈনুদ্দীন মালেশিয়া থেকে দেশে ফিরেছেন।

মঈনুদ্দীনের বোন শিরিনা জানান, তার ভাই ১৫ বছর যাবত মালেশিয়া থাকেন। বছর পাঁচেক আগে বাড়িতে আসার পর একবার পারা খাওয়ানোর ফলে মারাত্মক অসুস্থ হয়ে পড়ে। তখন কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসা দেয়ার পর সুস্থ হয়ে বাড়ি না এসে সরাসরি মালেশিয়া চলে যান। এবার বাড়ি এসে স্ত্রীর কারণেই প্রাণ গেল তার। ভাইকে পরিকল্পিতভাবে কেমিক্যাল খাওয়ানোর কারণে মারা গেছে।

এই কথা জানিয়েছেন মঈনুদ্দীনের মামা আব্দুস সাত্তারসহ প্রতিবেশিরা। তারা জানান, জুলেখা তার শাশুড়িকেও বিষ পান করিয়ে মেরে ফেলে। সেসময় গ্রামের লোকজন বিষয়টি গোপন করায় জুলেখা রক্ষা পায়।

স্থানীয়দের দাবী, স্বামীর অবর্তমানে স্ত্রী জুলেখা স্থানীয় এক জনপ্রতিনিধিসহ কয়েকজনের সাথে পরোকীয়ায় জড়িয়ে পড়ে। দেশে ফেরার পর স্বামী তার পথের কাঁটা হয়ে দাঁড়ায়। এজন্যই মঈনুদ্দীনকে পরিকল্পিতভাবে মেরে ফেলা হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি জানান, মঈনুদ্দীনের বোনসহ অন্যান্যরা অভিযোগ করছেন তাই জটিলতা এড়াতে মরদেহ ময়না তদন্তের জন্য মেহেরপুর মর্গে পাঠানো হয়েছে।

এ ঘটনায় গাংনী থানায় একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে।

গাংনীর ব্রজপুর গ্রামে সংঘর্ষ, ৬ জন আহত

খেলাকে কে কেন্দ্র করে সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের ৬ জন আহত হয়েছেন। বুধবার বিকালে গাংনী উপজেলার ব্রজপুর গ্রামে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

এক পক্ষের আহতরা হলেন-ব্রজপুর গ্রামের মুছাব আলী (৫০), শাহিরুল

ইসলাম (২৫), জাহিদুল ইসলাম (৩০)। অপর পক্ষের আহতরা হলেন-রজিফা খাতুন (৪৫) আলমগীর হোসেন (২৫)।

আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি চিকিৎসাধীন।স্থানীয়রা জানান, আলমগীর হোসেনের সাথে মুছাব আলীর মধ্যে এ সংঘর্ষ হয়।

গাংনীতে দিনমুজরের বাড়ি ঘর ও সীমানা প্রাচির ভাংচুরের অভিযোগ

গাংনীতে অসহায় দিনমুজরের বসত বাড়ীসহ সীমানা প্রাচির ভাংচুর করে জোরপূর্বক জমি দখলের অভিযোগ উঠেছে প্রতিপক্ষের বিরুদ্ধে।

বুধবার সকাল ১০টার দিকে গাংনী পৌরসভার চৌগাছা গ্রামে এঘটনা ঘটে। ভুক্তভোগী ইস্তল আলী জানান, আমার বাবার পৈত্রিক সম্পত্তি আমাকে ফাকি দিয়ে আমার দুই ভাই রেজিস্টি করে নিয়েছে।

সেই থেকে আমি দীর্ঘ ৪০ বছর যাবৎ চৌগাছা মৌজার সি এস ২৮ নং এস এ ১,আর এস,১নং খতিয়ানের সাবেক দাগ নং ৩০৬৭/আর এস ৭০২৭ নং দাগে ৮ শতক খাস জমিতে বতসবাড়ী নির্মান করে বসবাস করছি।

হঠাৎ সম্পত্তি থেকে ভাই আব্দুল কুদ্দসের ছেলে আব্দুল্লাহের নেতৃত্বে ইদ্রীস আলী, পলাশ হোসেনসহ ১০/১২জন বাঁশের লাঠি শোঠা ও সাবল নিয়ে আমার বসত বাড়ীতে হামলা চালিয়ে সীমানা প্রাচির ভাংচুর করেছে।

আমি বাঁধা দিলে আমাকে ও আমার স্ত্রীকে লাঠি দিয়ে আঘাত করে। এসময় স্থানীয়রা তাদের হাত থেকে উদ্ধার করে। গাংনী হাসপাতালে প্রাথামিক চিকিৎসা নিয়েছি।

হামলাকারীরা বাড়ী ঘর ভাংচুর করেছে। এছাড়া তারকাটার বেড়া নির্মান করেছে। তিনি আরও বলেন এই জমি নিয়ে মেহেরপুর যুগ্ম জেলা জজ ২য়

[illegible] [illegible] [illegible] [

কর্মকর্তাবৃন্দ।

গাংনী উপজেলার বিভিন্ন এলাকার ৩১ জন রোগীকে সমাজসেবা অধিদপ্তর এর সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় সাড়ে ১৫ লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়েছে।

কুয়াকাটা ঘুরতে গিয়ে সড়ক দুর্ঘটনায় গাংনীর হাফিজুল নিহত

নিমেষই বিষাদে পরিনত হলো সব আনন্দ। কিছুক্ষণ পূর্বেও যে মানুষটি সকলের সামনে হাসছিলো, সকলের সাথে তাল মিলিয়ে করছিল আনন্দ। মূহূর্তেই তার নিথর দেহ রাস্তায় পড়ে রইলো।

রাস্তা পার হওয়ার সময় যাত্রীবাহী দুরপাল্লার একটি দ্রূতগামী বাস তাকে স্পৃষ্ট করে চলে যায়। বরিশালে সড়ক দূর্ঘটনায় গাংনী উপজেলার হিজলবাড়ীয়া গ্রামের হাফিজুল ইসলাম নিহত হওয়ার ঘটনা এভাবে বর্ণনা করলেন অপর সঙ্গী বজলুর রহমান।

গতরাত সাড়ে ১১ টার সময় কুয়কটা-পদ্মসেতুর হাইওয়ে রাস্তার উজিরপুর জয়শ্রী নামক স্থানে গ্রীণল্যান্ড সেন্টমার্টিন পরিবহনের একটি বাসের ধাক্কায় ঘটনাস্থলেই নিহত হন হাফিজুল।

নিহত হাফিজুল ইসলাম (৪২) গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামের ইউসুব আলী ফকিরের ছেলে। ২ সন্তানের জনক হাফিজুল পেশায় দর্জি।

বজলুর রহমান জানান, গ্রামের প্রায় ৪০ জন যুবক কুয়াকাটা ভ্রমণের জন্য একটি বাসে করে গতকাল মঙ্গলবার (১৬ আগষ্ট) বেলা ২ টার সময় বের হই। রাতে ১১ টার দিকে কুয়াকাটা – পদ্মাসেতুর ওই রাস্তার পাশে একটি খাবারের হোটেলে রাতের খাবার খাই। আমরা সবাই বাসের মধ্যে অপেক্ষা করছিলাম।

হাফিজুল এসময় রাস্তার অপরদিকে একটি তেলপাম্পের টয়লেট থেকে ফিরছিলেন। এসময় দ্রূতগামী বাস তাকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই মারা যান হাফিজুল। পরে তার মরদেহ নিয়ে আমরা আবারো ফিরে এসেছি।

গাংনীতে জাতীয় শোক দিবসে ডাঃ নাজমুল হক সাগরের ব্যাতিক্রমী উদ্যোগ

গাংনীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম মৃত্যু বার্ষিকী পালিত হয়েছে। সোমবার বেলা ১০টার দিকে গাংনী উপজেলা হাসপাতাল বাজার থেকে এ এস এম ডাঃ নাজমুল হক সাগরের নেতৃত্বে একটি শোক র্যালী বের হয়ে উপজেলা চত্তরে স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা হয়।

এসময় আরো উপস্থিত ছিলেন, সাবেক জেলা ছাত্রলীগের সভাপতি সুবক্তবীন পলাশ, সাবেক সংরক্ষিত আসনের মহিলা সাংসদ সদস্য সেলিনা আক্তার বানু, জেলা কৃষকলীগের সহ সভাপাতি একরামুল হক মাস্টার, বামন্দী ইউনিয়ন কৃষকলীগের সভাপতি জিয়ারুল হক, জেলা ছাত্রলীগের সহ সভাপতি শাহজাহান আলী, মটমুড়া ইউনিয়ন আওয়ামী লীগের সহ সভাপতি ইছার উদ্দিনসহ স্থানীয় নেতাকর্মীরা।

এরপর নিজস্ব দলীয় কার্যালয়ে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন করা হয়। একই সাথে কার্যলয়ে জাতীয় শোক দিবস উপলক্ষে নাজমুল হক সাগরের উদ্যোগে এলাকার নতুন প্রজন্মের শিক্ষার্থীর মধ্যে বঙ্গবন্ধু ও বাংলাদেশ বিষয়ে সচেতন করে তোলার জন্য ২ দিন ব্যাপী বই প্রদর্শনী ও পড়ার ব্যবস্থা করেন।

বইয়ের মধ্যে উল্লেখযোগ্য বই হলো অসমাপ্ত আত্মজিবনী, কারাগারের রোজ নামচা, আমার দেখা নয়া চীন, গান্দির দর্শন ও শেখ মুজিবের রাজনীতিসহ ২শতাধিক বইয়ের প্রদর্শন করা হয়।

গাংনীর কাথুলীতে শোক দিবস উপলক্ষ্যে আলোচনা ও দোয়া অনুষ্ঠান

গাংনীর কাথুলীতে শোক দিবস উপলক্ষ্যে আলোচনা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে কাথুলী ইউনিয়ন পরিষদের আয়োজনে কুতুবপুর স্কুল এন্ড কলেজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম সাহাদাত বার্ষিকি উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এ সময় উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, ২ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আহচাদ আলী বিশিষ্ট আওয়ামী লীগের নেতা কুতুবউদ্দিন, হাফিজুর রহমান,শ্রী গনেশ কর্মকার,৫ নং ওয়ার্ডের সভাপতি আঃ মালেক ও সেক্রেটারি আঃ সামেদ ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি হামেদ মিয়া কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ হাফিজুল ইসলাম। আবু হানিফ মেম্বর, ধলা ক্যাম্প ইনচার্জ বখতিয়ার রহমান কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য জিনারুল ইসলাম ও ইউনিয়ন পরিষদের সকল মেম্বারবৃন্দ, গাংনী উপজেলা ছাত্রলীগের সহ সম্পাদক নাজমুল হোসেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক শাহিন আলম। সহ আরো অনেকে।

টিউবওয়েলের মাথা খুলে নেওয়ার অভিযোগ অফিসারের বিরুদ্ধে

১৫ আগষ্ট কাঙালি ভোজের খিচুড়ি খেয়ে পানি খেতে যাওয়ায় টিউবওয়েলের হাতল খুলে রাখলেন গাংনী উপজেলা আনসার ভিডিপি অফিসার উর্মিলা

বিশ্বাস।

পরে আওয়ামীলীগ ও ছাত্রলীগের বিক্ষুব্ধ নেতা কর্মীরা ক্ষোভে টিউবওয়েলটি ভেঙ্গে দেয় বলে জানা গেছে।

গাংনী উপজেলা আওয়ামীলীগ আয়োজিত দোওয়া মোনাজাত ও কাঙালি ভোজ শেষে নেতা কর্মীরা আনসার ভিডিপি অফিসের সামনের টিউবওয়েলটিতে পানি পান করতে গেলে এঘটনা ঘটে।

আওয়ামীলীগ নেতা রেজাউল হক, ইজিবাইক চালক ছারমান আলী বলেন, আমরা কাঙালি ভোজের খিচুড়ি খেয়ে আনসার ভিডিপি অফিসের সামনের টিউবওয়েলে আসলে আনসার সদস্যরা আমাদের সাথে চরম দূর্ব্যবহার করেন। এসময় তারা নানাভাবে অকাথ্য ভাষায় কথা বলে এক ইজিবাইক চালকের কাছ থেকে সেলাই র্যান্স নিয়ে টিউবওয়েলের মাথাটি খুলে অফিসে রাখেন। এসময় পানি পান করার জন্য বিভিন্ন গ্রাম থেকে আসা আওয়ামীলীগের নেতা কর্মীরা ছুটে বেড়ান।

তেরাইল গ্রামের রমজান আলী, ছাতিয়ান গ্রামের আব্বাস আলী ও মতিয়ার রহমান বলেন, অনেকবার অনুরোধ করেও তারা পানি পান করতে দেননি।পরে আনসার ভিডিপি কর্মকর্তা উর্মিলা বিশ্বাস ও তার অফিসের লোকজনকে নিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে চলে যান।

বিষয়টি অনুষ্ঠানস্থলে আসা আওয়ামীলীগ নেতা কর্মীদের মধ্যে ছড়িয়ে পড়লে বিক্ষুব্ধ লোকজন টিউবওয়েলটি ভেঙ্গে দেন।

গাংনী উপজেলা আনসার ভিডিপি অফিসার উর্মিলা বিশ্বাস বলেন, হাজার হাজার লোকজন ১৫ আগষ্টের কাঙালি ভোজ খেয়ে এসে অফিসের সামনে খাওয়ায় নোংরা হয়ে যায়। যে কারনে পানি খেতে দেওয়া হয়নি। হুসাইন নামের এক আনসার সদস্য টিউবওয়েলের মাথাটি খুলে অফিসে রেখে দিয়েছে।পরে কে বা কারা এসে টিউবওয়েলটি ভেঙ্গে দিয়েছে।